[redacted]

‘[redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

চিথলীয়াপাড়ার মৃত দেলশাদ লষ্করের ছেলে। সে পৌরসভার নৈশপ্রহরী হিসাবে কর্মরত ছিলেন।

মৃত খলিলের সাথে থাকা আহত পৌর কর্মচারী হাবিবুর রহমামান জানান, বৃহস্পতিবার দুপুর ২টার দিকে পৌরসভার নৈশপ্রহরী খলিলুর রহমান মটরসাইকেলের কাগজপত্র আনার জন্য আলমডাঙ্গা শো-রুমে যাওয়ার পথে নারায়নকান্দী গ্রামের আক্তারের বাড়ীর সামনে পৌছালে বিপরীত দিক থেকে ইটবোঝাই ঘাষবিলা গ্রামের ভিভিবি ভাটার লাটাহাম্বার তাদের অন্যায় ভাবে ধাক্কাদিলে তারা আহত হয় ।

স্থানীয়রা তাদের উদ্ধার করে হরিণাকুণ্ডু স্বাস্থ্য কমপ্লেক্সে আনলে খলিলুর রহমানের আবস্থার অবনতী হলে কর্তব্যরত ডাক্তার তাকে কুষ্টিয়া সদর হাসপাতালে রেফার্ড করে কুষ্টিয়া যাওয়ার পথেই তার মৃত্যু হয়।

এ ব্যাপারে হরিণাকুণ্ডু থানা অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা জানান, উপজেলার নারায়নকান্দী বাজারের নিকটবর্তী স্থানে লাটাহাম্বা ও মোটরসাইকেল দূর্ঘটনায় পৌরসভার নৈশপ্রহরী খলিলুর রহমান আহত হয়, পরে কুষ্টিয়া নেওয়ার পথে তার মৃত্যু হয়। রিপোর্ট লেখা পর্যন্ত এঘটনায় থানায় মামলার প্রস্তুতি চলছিল।

মেহেরপুরে আরও ২জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। আক্রান্তদের ২ জন মেহেরপুর সদরের বাসিন্দা।

বৃহস্পতিবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১০ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে ২ জনের। আর নেগেটিভ আসে ৮ জনের।

সূত্রে আরো জানা যায়, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪৯৫৮ টি, সর্বমোট পজিটিভ ৭২৫ জন, সুস্থ ৬৩১ জন, মৃত্যু ১৬ জন ও

ট্রান্সফার্ড ৫৮ জন।

ভিন্নসূত্রে পাওয়া পাওয়া পজিটিভের পরিচয়- মেহেরপুর শহর, মল্লিকপাড়ার আছিয়া (৭২), মেহেরপুর শহর, মল্লিকপাড়ার আকলিমা (৪৫) ।

ঝিনাইদহে প্রেমিকের মৃত্যু সইতে না পেরে প্রেমিকার আত্মহত্যা

ঝিনাইদহে প্রেমিকের মৃত্যু সইতে না পেরে আত্মহত্যা করে জীবন দিল প্রেমিকা মিনা (১৯)। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার ভোরে সদর উপজেলার কাতলামারী বাজারে। স্থানীয় সূত্রে জানা যায়, গত মঙ্গলবার কাতলামারী বাজারের প্রসাধনী ব্যবসায়ী প্রেমিক সুমন কুমারের মৃত্যুর পর থেকেই রাজনগর গ্রামের মকবুল হোসেনের কলেজ পড়ুয়া মেয়ে মানষিক ভাবে অসুস্থ হয়ে পড়ে এবং মানুষের কাছে সুমন হত্যার প্রকৃত ঘটনা বলতে গেলে তার বাবা মা বাধা দেয় এতে সে আরও বেশি ক্ষুব্ধ হয়ে পড়ে।

তাছাড়া দুইদিন যাবৎ পানাহার বন্ধ করে অসুস্থ হয়ে পড়ে তাতে তার বাবা মা তার উপর আরও চড়াও হয় এবং মেয়েকে মারধর করে ঘরে আটকে রাখে। বৃহস্পতিবার রাতের কোন এক সময়ে প্রেমিকা মিনা আক্তার নিজ ঘরে গলাই ফাঁসদিয়ে আত্মহত্যা করেছে বলে জানা গেছে।

উল্লেখ যে, গত মঙ্গলবার ভোর রাতে কাতলামারী বাজারের পাশের একটি আম বাগান থেকে সুমন কুমার (২৫) নামের যুবকের লাশ উদ্ধার করে হাসপাতালের মর্গে পাঠায়। স্বজনদের অভিযোগ সুমনকে কৌশলে হত্যা করা হয়েছে। কাতলামারী বাজারে হিন্দুধর্মাবলম্বী সুমন কুমার প্রসাধনীর ব্যবসা করতেন। এঅবস্থায় এক মুসলিম মেয়ের সাথে প্রেমের সর্ম্পকে জড়িয়ে পড়ে। এঘটনায় মেয়ের পরিবার ক্ষুব্ধ হয়ে সুমনকে হত্যা করা হতে পারে বলে এলাকবাসী ধারণা করছেন। পাশাপাশি ঘটনাটি সুষ্ঠু তদন্তের দাবি জানিয়েছেন তারা।

এলাকাবাসী আরও জানান মিনা আক্তার ও তার মা সুমাইয়া হিন্দু পরিবারের সন্তান, তার পূর্বের নাম ছিল অন্না বা অনন্যা বিয়ে হয়েছিল চুয়াডাঙ্গা জেলার শুম্ভু নগর গ্রামে জীবন পালের সাথে পরবর্তিতে তাকে ছেড়ে মেয়ে মিনাকে সাথে নিয়ে মকবুল হোসেন কে বিয়ে করে ইসলাম ধর্ম গ্রহন করে। মিনা মূলত জীবন পালের ওরোশজাত সন্তান। মিনার নানি নানা সবাই হিন্দুধর্মাবলম্বী ছিল।

এবিষয়ে কাতলামারী পুলিশ ফাঁড়ির ইনচার্জ এস আই আনিচুর রহমান জানান, মিনা আক্তারের সাথে সুমন কুমারের গভীর প্রেমের সম্পর্ক ছিল। কিন্তু পারিবারিক ভাবে এই সম্পর্ক মেনে না নেওয়ায় মঙ্গলবার সুমনের আত্মহত্যা করে মৃত্যুর পর বৃহস্পতিবার রাতে মিনা গলাই ফাঁসদিয়ে আত্মহত্যা করেছে বলে ধারণা করা হচ্ছে। লাশটি ময়না তদন্তের জন্য মর্গে পাঠানোর ব্যবস্থা করা হয়েছে।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান জানান, ময়নাতদন্ত শেষে হত্যা প্রমানিত হলে প্রকৃত অপরাধিদের আইনের আওতায় আনা হবে।

আধুনিক ইউনিয়ন রূপান্তর করতে চান বেনজীর আহমেদ পলাশ

কুষ্টিয়ার মিরপুর উপজেলার ৯নং পোড়াদহ ইউনিয়নের চেয়ারম্যান পদে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী বঙ্গবন্ধুর আদর্শের অগ্রণী সৈনিক পোড়াদহ ইউনিয়নের বেনজীর আহমেদ পলাশ।

তিনি মিরপুর উপজেলা মৎস্যজীবী লীগের সভাপতি ও উপজেলা মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডের যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন।

পোড়াদহ ইউনিয়ন পরিষদের জনপ্রিয় চেয়ারম্যান মরহুম লিয়াকত দুই বারের নির্বাচিত চেয়ারম্যান ছিলেন। এবং তখনও তিনি আওয়ামীলীগের

একনিষ্ট হিসেবে নেতৃত্ব দিয়েছেন। তৎকালীন সময়ে তিনি কুষ্টিয়া জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ছিলেন।যার ফলে কৃষক শ্রমিক ও মেহনতি আপামার জনতার জন্য নিরলসভাবে কাজ করেছেন।

তাঁর উত্তরসূরি হিসেবে আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে বেনজীর আহমেদ পলাশ এবারের নির্বাচনে অংশগ্রহণ করবেন।

অবশ্য আগামী স্থানীয় সরকার নির্বাচনে স্বচ্ছ ও ত্যাগী নেতাদের মূল্যায়ন করা হবে বলে যে মত দিয়েছেন আ’লীগ নেতৃবৃন্দ। যার ফলশ্রুতিতে তিনি বাংলাদেশ আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী হিসেবে নিজেকে মেলে ধরেছেন।

বেনজীর আহমেদ পলাশ বলেন, আমি আমার বাবা বীর মুক্তিযোদ্ধা মরহুম লিয়াকত চেয়ারম্যান এর আদর্শ নিয়ে বড় হয়েছি। তার স্বপ্ন ছিল পোড়াদহ কে একটি আধুনিক ইউনিয়নে রূপান্তর করা। তারই স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে আমি আগামী ইউপি নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগের মনোনয়নপ্রত্যাশী। সেক্ষেত্রে দল যদি আমাকে মনোনয়ন দেয় তখন আমি আমার নেতা জননেতা জনাব মাহবুবুল আলম হানিফ এমপির সহযোগিতায় এবং ইউনিয়নের সাধারণ মানুষকে সাথে নিয়ে একটি আধুনিক ইউনিয়ন করার জন্য কাজ করব।

দৌলতপুরে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলায় ৪৮ জন অসহায় দুঃস্থ প্রতিবন্ধীকে বিনামূল্যে হুইল চেয়ার দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার সকালে সমাজসেবা অধিদপ্তরের আযোজনে উপজেলা পরিষদ মিলনায়তনে হুইল চেয়ার বিতরণ করেন দৌলতপুর আসনের সাংসদ আ ক ম সরওয়ার জাহান বাদশাহ্।

উপজেলা নির্বাহী কর্মকর্তা শারমিন আক্তারের সভাপতিত্বে এসময় আরও ছিলেন- উপজেলা চেয়ারম্যান এজাজ আহমেদ মামুন, সহকারী কমিশনার আজগর

আলী, মহিলা ভাইস চেয়ারম্যান সোনালী খাতুন, সামজসেবা কর্মকর্তা সরোয়ার আলী, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আব্দুল হান্নান, টিপু নেওয়াজ প্রমুখ।

উগ্র সাম্প্রদায়িকতার বিরুদ্ধে কুষ্টিয়ায় ছাত্রলীগের বিক্ষোভ

উগ্র সাম্প্রদায়িকতা ও ভাস্কর্য বিরোধীদের বিরুদ্ধে কুষ্টিয়ায় ছাত্রলীগ ও মুক্তিযুদ্ধের সন্তান কমান্ডের নেতা-কর্মীরা বিক্ষোভ মিছিল এবং সমাবেশ করেছে।

বৃহস্পতিবার বেলা ১২টায় কুষ্টিয়া পৌরসভার বিজয় উল্লাস চত্বর থেকে বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে বঙ্গবন্ধু সুপার মার্কেটে গিয়ে শেষ হয়।

পরে সেখানে এক সমাবেশে বক্তব্য রাখেন জেলা ছাত্রলীগ নেতা হাফিজ শেখ চ্যালেঞ্জ, মুক্তিযোদ্ধার সন্তান কমান্ডের নেতা আব্দুল্লাহ আল আজম বিকো, নাসির উদ্দিন প্রমুখ।
সমাবেশে বক্তারা বলেন, একটি চক্র মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত অসাম্প্রদায়িক বাংলাদেশকে একটি উগ্র ধর্মীয় রাষ্ট্রে পরিণত করার অপচেষ্টা করছে। তাদের কঠোর হাতে দমন করতে হবে।

কুমারখালীতে মনোনয়ন প্রত্যাশীদের দৌড়ঝাঁপ পৌর

নির্বাচন

আসন্ন পৌর নির্বাচনকে সামনে রেখে কুষ্টিয়ার কুমারখালী পৌরসভার মনোনয়ন পেতে আওয়ামী লীগের বর্তমান মেয়র সহ ৩ প্রার্থী গণসংযোগ, পোস্টার ও কেন্দ্রে দৌড়ঝাঁপ শুরু করেছেন। বর্তমান মেয়র ইতিমধ্যে পৌরসভার ৯টি ওয়ার্ডে পৃথকভাবে পূণরায় জনসমর্থন পেতে বৈঠক করেছেন।

আগামী ১৬ জানুয়ারী নির্বাচনের তারিখ ধার্য হবার কারনে বৃহস্পতিবার সকালে পৌর আওয়ামীলীগের বৈঠকে সিদ্ধান্ত মোতাবেক ১ জন প্রার্থীকে বাদ দিয়ে অপর ২ প্রার্থীর মনোনয়ন পাঠাচ্ছেন কেন্দ্রে। অপরদিকে বিএনপি প্রচারণা না চালালেও ১ জন প্রার্থী হতে পারেন বলে জানা গেছে।

আগামী ১৬ জানুয়ারী ইভিএম পদ্ধতিতে কুমারখালী পৌর নির্বাচন। প্রাচীন এই পৌরসভা দীর্ঘদিন যাবত রয়েছে উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক বর্তমান মেয়র মোঃ সামছুজ্জামান অরুনের দখলে।

২০০০ সালে তিনি পৌর মেয়র নির্বাচিত হবার পরেরবার বিএনপির নূরুল ইসলাম প্রামাণিক আনছার নির্বাচিত হন। ২০১০ সাল এবং সর্বশেষ ২০১৫ সালের ৩০ ডিসেম্বর আবারও পৌরমেয়র হিসাবে নির্বাচিত হন সামছুজ্জামান অরুন।

এবার পৌর নির্বাচনে শক্তিশালী এই প্রার্থীর বিরুদ্ধে দলীয় মনোনয়ন পেতে জোড় চেষ্টা চালিয়ে যাচ্ছেন পৌর আওয়ামীলীগের সভাপতি ও ৮ নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মোঃ আব্দুর রাজ্জাক খান ও পৌর আওয়ামীলীগের সদস্য এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রনেতা জাকারিয়া খান জেমস। অপরদিকে শক্তিশালী বিরোধী দল বিএনপির সম্ভাব্য প্রার্থী হিসেবে প্রচারণা চালিয়ে যাচ্ছেন, কুষ্টিয়া জেলা বিএনপির গন-শিক্ষা বিষয়ক সম্পাদক অধ্যাপক তরিকুল ইসলাম লিপন।

গত পৌর নির্বাচনে ধানের শীষ প্রতীক নিয়ে নির্বাচন করেছিলেন তিনি। আওয়ামীলীগের ৩ জন প্রার্থীর বিষয়টি নিয়ে বৃহস্পতিবার সকালে পাবলিক লাইব্রেরী মিলনায়তনে পৌর আওয়ামী লীগের পক্ষ থেকে জাকারিয়া খান জেমসকে বাদ দিয়ে বর্তমান মেয়র সামছুজ্জামান অরুন ও আব্দুর রাজ্জাক খানের নাম কেন্দ্রে পাঠানোর সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এদিকে বিএনপির সম্ভাব্য প্রার্থী হিসেবে প্রচারণা চালিয়ে যাচ্ছেন , অধ্যাপক তরিকুল ইসলাম লিপন।
তিনি জানান, কুমারখালী পৌরসভা বিএনপির ব্যাপক সমর্থন এবং ভোট আছে বলে মনে করেন তিনি। আর এই ভোট কে কাজে লাগিয়ে হারানো সিট আবারো বিএনপির দখলে আনতে চান এই নেতা।

কুমারখালী উপজেলা নির্বাচন অফিসের সিনিয়র নির্বাচন কর্মকর্তা শিরিন আক্তার বানু বলেন, আগামী ডিসেম্বরে পর ২য় ধাপে ১৬ জানুয়ারী পৌর নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে এবং ইভিএম পদ্ধতিতে নির্বাচন হবে। এরি মধ্যে তারা সব প্রস্তুতি সম্পন্ন করেছেন।

মেহেরপুরে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধে মানববন্ধন

“শেখ হাসিনার বারতা নারী পুরুষ সমতা” এই স্লোগান কে সামনে রেখে মেহেরপুরে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ -২০২০ উদযাপণ উপলক্ষে মানববন্ধন করেছে মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থা।
বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সামনে মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক (আ:দা) নাসিমা খাতুন এর নেতৃত্বে এ মানববন্ধন পরিচালনা করা হয়। এসময় প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আবু সাইদ।
এসময় তিনি বলেন, এখনও বাংলাদেশের বিভিন্ন পরিবারে কণ্যা শিশু হলে খুশি হয় না এবং ছোট থেকেই তার উপরে নির্যাতনে মন ভাব দেখা দেয়। আবার কোথাও কোথাও অল্প বয়সে মেয়েদের কে বিয়ে দেওয়া হলে স্বামির বাড়িতে নির্যাতনে শিকারও হয়। এক্ষেত্রে দেখা গিয়েছে। গ্রামের মানুষ হক বা শহরের তারা মনে করে মেয়ের বিয়েটা একটা অনেক বড় বোঝা।
তিনি আরও বলেন,একজন মেয়ের বাবা হিসেবে মেয়েকে অনেক স্নেহে এবং ভালোবাসা দিয়ে বড় করেন। কিন্তু তার যখন বিয়ে হয়ে যায় তখন সে স্বামির বাড়িতে শারীরিক-মানসিক ভাবেও তাকে নির্যাতন করা হচ্ছে। আবার জমির ক্ষেত্রেও সেই একই অবস্থা বাবা মেয়েকে জমি থেকে বঞ্চিত করছেন।
এসময় আরও উপস্থিত ছিলেন, সিডিপি জেলা সমন্বয়কারী প্রভঞ্জন

বিশ্বাস, ব্রাক জেলা প্রতিনিধি ফজলুল হক, জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান শামীম আরা হীরা প্রমুখ। অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন মীর দানিয়েল হোসেন।

জীবননগরে ৫৫ বোতল ফেন্সিডিলসহ আটক-২

জীবননগর উপজেলার আন্দুল বাড়ীয়া ইউনিয়নের শাহপুর গ্রামের তাতি পুকুর নামক স্থানে ৫৫বোতল ফেন্সিডিলসহ ২ জনকে আটক করা হয়েছে। বিশেষ সূত্রে জানতে পেরে শাহপুর ক্যাম্প ইনচার্জ এস আই সোলাইমান হোসেন এর নেতৃতে এ এস আই হাবিবুরসহ সঙ্গিন ফোর্স নিয়ে অভিযান চালায়। অভিজান চালিয়ে মাদক ব্যবসায়ী আকন্দবাড়ীয় গ্রামের মৃৃত রেজাউল ইসলামের স্ত্রী মোছাঃ সিউলি খাতুন (৪০) এর নিকট থেকে
(২০) বোতল এবং আকন্দবাড়ীয়া গ্রামের রজব আলির ছেলে মোঃ ফজলুল হক
(৫০) এর নিকট থেকে (৩৫) বোতল মোট(৫৫) বোতল ফেন্সিডিলসহ আটক করা হয়।
এস আই সোলাই মানের হোসেনের নেতৃত্বে এ এস আই হাবিবুর রহমান তাদের কাছে তল্লাশি করে সিউলি খাতুন এর ভ্যনিটি ব্যাগ থেকে ২০ বোতল ফেনসিডিল উদ্ধার করেন এবং ফজলুল হকের পাখি ভ্যান তল্লাশি করে ৩৫ বোতল ফেনসিডিল জব্দ করা হয়।